DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে


সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 13 Sep 2026, 02:55 PM

জাতীয়

# ঢাকাসহ আশপাশের এলাকায় ভূমিকম্প অনুভূত

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



সংগৃহীত ছবি

নিজস্ব প্রতিবেদক: রাজধানী ঢাকা ও এর আশপাশের বিভিন্ন এলাকায় সোমবার (১৭ আগস্ট) ভোরে মৃদু ভূমিকম্প অনুভূত হয়েছে। রিখটার স্কেলে ভূমিকম্পটির মাত্রা ছিল ৩ দশমিক ০।

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, ভোর ৫টা ৩২ মিনিটে এ ভূকম্পন অনুভূত হয়। এর উৎপত্তিস্থল (ইপিসেন্টার) ছিল রাজধানী ঢাকা থেকে প্রায় ৪৭ কিলোমিটার উত্তর-পূর্বে নরসিংদীর শিবপুর এলাকায়।

আবহাওয়া অধিদপ্তরের তথ্য অনুযায়ী, ভূমিকম্পটির উৎপত্তিস্থল ছিল ভূপৃষ্ঠ থেকে প্রায় ১০ কিলোমিটার গভীরে।

ভোরে কম্পন মৃদু হলেও ঘুম ভেঙে অনেকেই আতঙ্কিত হয়ে পড়েন। তবে এ ভূমিকম্পে এখন পর্যন্ত দেশের কোথাও কোনো ধরনের ক্ষয়ক্ষতি

বা হতাহতের খবর পাওয়া যায়নি।

সংশ্লিষ্টরা বলছেন, মৃদু ভূমিকম্প সাধারণত বড় ধরনের ক্ষয়ক্ষতির কারণ হয় না। তবে ভূমিকম্পপ্রবণ এলাকায় যেকোনো কম্পনের পর সতর্ক থাকা এবং জরুরি পরিস্থিতিতে করণীয় সম্পর্কে সচেতন থাকা গুরুত্বপূর্ণ।

---


## এ বিভাগের আরও খবর



**কর্ণফুলীতে মাইক্রোবাস-কাভার্ডভ্যান সংঘর্ষে নিহত ৪**
চট্টগ্রামের কর্ণফুলীতে মাইক্রোবাস ও কাভার্ডভ্যানের মুখোমুখি সংঘর্ষে চারজন নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন অন্তত ১১ জন। আহত ব্যক্তিদের মধ্যে...



**ফেনীতে প্রধানমন্ত্রীর সফর স্থগিত**
প্রধানমন্ত্রী তারেক রহমানের আগামী ১৭ সেপ্টেম্বর ফেনী সফর স্থগিত করা হয়েছে। অক্টোবরের প্রথম সপ্তাহে প্রধানমন্ত্রী ফেনী সফর করবেন বলে জানিয়েছে...



**নতুন গ্যাসক্ষেত্র অনুসন্ধানে শেভরনকে বিনিয়োগের আহ্বান প্রধানমন্ত্রীর**
দেশের জ্বালানি নিরাপত্তা জোরদার ও ক্রমবর্ধমান চাহিদা মেটাতে যুক্তরাষ্ট্রভিত্তিক আন্তর্জাতিক জ্বালানি কোম্পানি শেভরনকে আরও বেশি বিনিয়োগের আহ...



**পাকিস্তানের সঙ্গে ব্যবসা-বাণিজ্য ও শিক্ষা সহযোগিতা বাড়ানোর আহ্বান রাষ্ট্রপতির**

পাকিস্তানের সঙ্গে ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগ, বিমান যোগাযোগ, শিক্ষা ও প্রশিক্ষণসহ পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা আরও জোর...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/national/dhakash-ashpasher-elakay-bhumikmp-onubhut